**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**14 SEPTEMBER 2025** **7:45 PM IST**

==========================================================================

১) ভারতের জমিতে অনুপ্রবেশকারীদের আগ্রাসন কোন ভাবেই সহ্য করা হবে না বলে প্রধানমন্ত্রী নরেনদ্র মোদীর ঘোষণা । দরং জেলার মঙ্গলদৈ-এ প্রধানমন্ত্রীর তিনটি পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন ।

২) গ্যাস ও তেলের বিকল্প হিসেবে ইথানলের চাহিদা বৃদ্ধি পাচ্ছে বলে প্রধানমন্ত্রীর মন্তব্য । নুমুলীগরে বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন ।

৩) রাজ্যের বিভিন্ন স্থানে আজ বিকেলে ৫ দশমিক ৮ রিখটার স্কেল ভূমিকম্প অনূভূত ।

৪) গত রাত থেকে অবিরাম এবং ভারী বৃষ্টিপাতের ফলে শিলচর শহরে কৃত্রিম বন্যায় জনজীবন ব্যাহত ।

---

ভারতের জমিতে অনুপ্রবেশকারীদের আগ্রাসন কোন ভাবেই সহ্য করা হবে না বলে প্রধানমন্ত্রী নরেনদ্র মোদী আজ মঙ্গলদৈ-এ অনুষ্ঠিত এক জনসভায় অংশ নিয়ে ঘোষণা করেছেন । তিনি বলেন যে অনুপ্রবেশকারিদের আগ্রাসন থেকে দেশের এক ইঞ্চি জমিও উদ্ধার করা হবে । অনুপ্রবেশকারীর পৃষ্টপোসকদের সতর্ক করে দিয়ে প্রধানমন্ত্রী বলেন যে অনুপ্রবেশকারীদের রক্ষণাবেক্ষণ করা অপশক্তিরা যতই চেষ্টা করুক না কেন প্রাণ দিয়ে হলেও তাদের প্রতিহত করা হবে । শ্রী মোদী অনুপ্রবেশকারীদের বেআইনী দখল থেকে প্রায় ১ লক্ষ বিঘা জমি উদ্ধার করার জন্য রাজ্যের ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন সরকারের প্রশংসা করেন ।

দুদিনের সফরসূচি নিয়ে আসামে আসা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মঙ্গলদৈ-এ প্রায় ৫৭৬ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান দরং চিকিৎসা মহাবিদ্যালয় , একটি জি এন এম স্কুল এবং একটি নার্সিং কলেজের শিলান্যাস করেন । তিনি ভার্চ্যুয়াল ব্যবস্থার মাধ্যমে ব্রম্মপুত্র নদের ওপর নির্মীয়মান নরেঙ্গী-কুরুয়া সংযোগী সেতু এবং গৌহাটি রিং-রোড প্রকল্পেরও শিলান্যাস করেন । এই উপলক্ষে মঙ্গলদৈ-এ আয়োজিত জনসভায় বিরোধী দল বিশেষ করে কংগ্রেসের তীব্র সমালোচনা করেন । ভাষণের শুরুতে শ্রী মোদী বলেন যে মা কামাখ্যার আশীর্বাদে অপারেশন সিন্দুর সফল হয়েছে । সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষে তিনি কংগ্রেস দলকে সমালোচনা করে বলেন যে সুধাকণ্ঠকে ভারতরত্ন উপাধী দেওয়ার সিদ্ধান্তকে কংগ্রেস তীব্র বিরোধীতা করেছিল । তিনি আসামের সাংস্কৃতিক বৈচিত্রের সম্মান ও সংরক্ষণের সঙ্গে সঙ্গে রাজ্যের দ্রুত বিকাশ সাধনের বিষয়টি সরকারের অগ্রাধিকারে রয়েছে বলে উল্লেখ করেন । স্বাধীনতার পর চীনের আক্রমণের সময় তদানিন্তন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর মন্তব্য আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলকে আঘাত করেছিল বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে আসামের পূর্বপুরুষদের স্বপ্ন আজ বি জে পি পূরণ করছে । তার জন্য জনগণই ঈশ্বর বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে ১৪০ কোটি জনগণই

তার মূল শক্তি । বিকাশের জন্য সুচল যোগাযোগ ব্যবস্থা অপরিহার্য বলে উল্লেখ করে তিনি বলেন যে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের প্রত্যেকটি রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে । শ্রী মোদী বলেন যে ভারত সম্প্রতি বিকাশের ক্ষেত্রে দ্রুত অগ্রগতি লাভ করছে এবং আসাম হচ্ছে দেশের অন্যতম বিকশিত রাজ্য । জনসাধারণের জন্য অধিক কাজে তিনি আগ্রহী বলে উল্লেখ করে শ্রী মোদী এই কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আসামবাসীর আশির্বাদ কামনা করেন । প্রধানমন্ত্রী বলেন যে তিনি শুধুমাত্র বর্তমানের জন্য নয় আগামী ৪০ থেকে ৫০ বছরের জন্য দেশের পরিকাঠামোকে শক্তিশালী করে গড়ার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত নির্মানের জন্য দেশের প্রত্যেক নাগরিক এগিয়ে এসেছেন বলে উল্লেখ করে তিনি এতে সন্তোষ প্রকাশ করেন । ভাষণ প্রসঙ্গে তিনি সম্প্রতি কেন্দ্রীয় সরকারের পদক্ষেপে জি এস টি-র ব্যাপক সংশোধনের বিষয়টি উল্লেখ করেন । আজ মঙ্গলদৈ থেকে ভিত্তি প্রস্তর স্থাপন করা ৬ হাজার ৫শো কোটি টাকার প্রকল্প রাজ্যের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন । অনুষ্ঠানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে প্রধানমন্ত্রীর দরং জেলায় ভিত্তি প্রস্তর স্থাপন করা ৬ হাজার ৩শো কোটি টাকার ৩টি পরিকাঠামো প্রকল্প এই অঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করবে । ৩ বছরের মধ্যে দরং মেডিকেল কলেজের কাজ সম্পূর্ণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । বহু প্রত্যাশিত গৌহাটি রিং-রোড প্রকল্পটি গৌহাটি মহানগরিকে দরং এবং মরিগাও জেলাকে সংযুক্ত করে সমগ্র অঞ্চলকে উন্নয়নের নতুন উচ্চতায় নিয়ে যাবে বলেও তিনি মত প্রকাশ করেন । আজকের এই ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , সাংসদ দিলীপ শইকীয়া , মন্ত্রী কেশব মহন্ত , জয়ন্তমল্ল বরুয়া প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

এর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গোলাঘাট জেলার নুমুলীগড়ে ১২ হাজার কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে দুটি প্রকল্প উদ্বোধন এবং ভিত্তি প্রস্তর স্থাপন করেন । তিনি নুমুলীগড় শোধনাগারে ৫ হাজার কোটি টাকা ব্যায় সাপেক্ষে স্থাপন করা বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করেন । প্রধানমন্ত্রী ৭ হাজার ২শো ৩১ কোটি টাকা ব্যায়ে নির্মীয়মান শোধনাগারের নতুন পলিপ্রপিলিন ইউনিটেরও শিলান্যাশ করেন । প্রধানমন্ত্রী তার ভাষণে বলেন ------ **বাইট**

প্রধানমন্ত্রী জৈব ইথানল প্রকল্পের সঙ্গে যুক্ত আধিকারিক ও কর্মচারী তথা বাঁশ চাষীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে মত বিনিময় করেন । উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে সরকার বাঁশকে ইথানলে রূপান্তর করে রাজ্যের ৫০ হাজার বাঁশ চাষীদের জীবনের পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে । উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা , মন্ত্রী অতুল বরা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ বিকেল প্রায় ৪ টে ৪১ মিনিটে ভূমিকম্প অনুভুত হয়েছে । কাছাড় জেলায়ও এই ভুমিকম্প অনুভুত হয়েছে । রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৫ দশমিক ৮ । ভূমিকম্পের অভিকেন্দ্র ছিল উদালগুড়ি জেলার ৫ কিলোমিটার গভীরে ।এই ভুমিকম্পের ফলে রাজ্যের কোন কোন স্থান থেকে কিছু ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে ।পশ্চিম কার্বি -আংলং এবং হোজাই জেলার সীমন্তবর্তী লংজাঁপ বাজারে ভূমিকম্পের ফলে একটি দোকান ভেঙ্গে পড়েছে বলে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন । মেঘালয় এবং মণিপুরেও এই ভুমিকম্প অনুভুত হয়েছে ।

---

গত কয়েকদিনের ধারাবাহিক বৃষ্টিপাত তথা গতকাল মধ্যরাত থেকে ভারী বৃষ্টিপাতের ফলে শিলচর শহরে কৃত্রিম বন্যার সৃষ্টি হয়েছে । শহরের বিভিন্ন এলাকা বৃষ্টির জলে প্লাবিত হয়েছে । শহরের সোনাই রোড , লিংকরোড , রাঙ্গিরখাড়ি , চার্চরোড , বিবেকানন্দরোড , বিলপার , ন্যাশনেল হাইওয়ে ইত্যাদি এলাকা জলমগ্ন হয়ে পড়ায় জনসাধারণ ব্যাপক অসুবিধার সম্মুখীন হচ্ছেন । যানবাহন চলাচলেও বাধার সৃষ্টি হয়েছে । এদিকে কিছুকিছু স্থানে দূর্গাপূজোর মন্ডপ তৈরীর সামগ্রী বৃষ্টির জলে ক্ষতিগ্রস্থ হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হিন্দী দিবস উপলক্ষে দেশবাসীর প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে হিন্দী শুধুমাত্র যোগাযোগের মাধ্যম নয় , হিন্দী দেশের পরিচয় এবং মূল্যবোধের সজীব ঐতিহ্য ।সমগ্র বিশ্বে হিন্দী ভাষার প্রতি ক্রমবর্ধমান সম্মান দেশের জন্য গৌরব এবং প্রেরণার বিষয় বলে তিনি উল্লেখ করেন ।প্রধানমন্ত্রী সব ভারতীয় ভাষা সহ হিন্দী ভাষার সংকল্প ও সমৃদ্ধির জন্য একত্রিত হতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

---

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রকের অধীন কাছাড় জেলা মেরা যুব ভারত এবং মণিয়ারখালের স্বেচ্ছাসেবী সংগঠন রামকৃষ্ণ ইয়ুথ একশন গ্রুপের

সহযোগীতায় আজ মণিয়ারখাল চা বাগান মডেল স্কুলে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে রাষ্ট্রভাষা হিন্দী দিবস পালন করা হয়েছে । বিদ্যালয়ের অধ্যক্ষ আবুল কাশিমের পৌরহিত্যে আয়োজিত সভায় হিন্দী দিবসের তাৎপর্য্য নিয়ে বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন ।

এদিকে ধলাই হিন্দী ভাষী সমাজ উন্নয়ন সংস্থার উদ্যোগে প্রতি বছরের মতো এবারও ধলাই-তে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে হিন্দী দিবস পালন করা হয়েছে । প্রাক্তন শিক্ষক মদন মোহন কৈরীর পৌরহিত্যে আয়োজিত সভায় হিন্দী দিবসের বিভিন্ন দিক নিয়ে প্রাক্তন বিধায়ক রাজদীপ গোয়ালা সহ বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন । পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

---

শ্রীভূমি পুলিশ আজ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে নিলাম বাজারের কেউটকোনা থেকে ড্রাগস পাচারকারী এক যুবককে আটক করেছে । সাদা পোষাকে পুলিশ যুবকের বাইকের পিছনে ধাওয়া করে বাইকের গোপন চেম্বার থেকে ৪৫ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করেছে । পুলিশ ধৃত যুবকের বিরুদ্ধে মামলা দায়ের করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---